



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১৬.৫৩.০০১.২৫/ ৫৪৬

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৫

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কোম্পানিতে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণ যারা ২০২৫-২০২৬ অর্থ বছরে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম গ্রহণ করতে ইচ্ছুক তাদের নিকট হতে ‘এমসিআর ফরম-১’ এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্নলিখিত শর্তসাপেক্ষে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিম মঞ্জুর করা হবে :

- ১। আবেদনকারীর চাকরির দৈর্ঘ্য বিজ্ঞপ্তির জারির তারিখে বিরতিহীনভাবে ৫ বছর পূর্ণ হতে হবে এবং ঐ তারিখ হতে চাকরির মেয়াদ ৫ বছর অবশিষ্ট থাকতে হবে।
- ২। ঋণের মাসিক কিস্তি কর্তনের পর ঋণ/অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীর নীট প্রাপ্ত বেতন (Take home salary) অবশ্যই প্রাপ্য বেতনের এক তৃতীয়াংশ হতে হবে।
- ৩। মোটর সাইকেল ক্রয় খাতে ২য় বার ঋণ মঞ্জুরের সুযোগ নেই বিধায় এ খাতে ২য় বার ঋণ গ্রহণের জন্য কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৪। মোটর সাইকেল ক্রয় খাতে ঋণের পরিমাণ ১,২৫,০০০.০০ (এক লক্ষ পঁচিশ হাজার মাত্র) টাকা।
- ৫। ঋণের মূল অংক চাকরিকালীন সর্বোচ্চ ৬৫ (পঁয়ষাট) কিস্তিতে এবং সার্ভিস চার্জের অর্থ ৫০ (পঞ্চাশ) কিস্তিতে আদায় করা হবে। তবে অবসরোত্তর ছুটিতে গমনের তারিখের উপর নির্ভর করে ঋণ গ্রহণকারী কিস্তির সংখ্যা কমও হতে পারে। কোন সার্ভিস চার্জসহ মূল অংক চাকরিকালীন আদায় সম্ভব না হলে পেনশন কেইস নিষ্পত্তির পূর্বেই অবসরোত্তর ছুটি চলাকালীন বিভিন্ন পাওনাদি হতে (যেমন: বেতন-ভাতাদি, ছুটি নগদায়ন ও প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি) ঋণের অপরিশোধিত অর্থ কর্তনপূর্বক সমন্বয় করা হবে।
- ৬। ঋণের সার্ভিস চার্জের হার প্রচলিত ব্যাংক রেটের চেয়ে ১% বেশি হবে।
এছাড়া ঋণ/অগ্রিমের অন্যান্য শর্তাবলী কোম্পানিতে প্রচলিত ‘মোটর সাইকেল ঋণ/অগ্রিম নীতিমালা’ অনুযায়ী প্রতিপালিত হবে।

আবেদনকারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মোটর সাইকেল ঋণ/অগ্রিম গ্রহণের জন্য ‘এমসিআর ফরম-১’ এর মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমের মাধ্যমে আবেদন করলে, ফরমের কোন অংশ পূরণ না করলে বা অসম্পূর্ণ থাকলে এবং প্রয়োজনীয় স্বাক্ষর ও সুপারিশ ব্যতীত দাখিলকৃত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, ঋণের জন্য আবেদন দাখিল করা কোনভাবেই ঋণ মঞ্জুরীর নিশ্চয়তা প্রদান করে না।

আবেদনপত্র শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয়/প্রকল্প প্রধানের মাধ্যমে আগামী ২৫-১০-২০২৫ তারিখের মধ্যে প্রশাসন বিভাগে দাখিল করতে হবে। উল্লিখিত তারিখের পর এ সম্পর্কিত প্রাপ্ত আবেদন কোনক্রমেই বিবেচনা করা হবে না। উল্লেখ্য, প্রধান কার্যালয়ের বাইরে অবস্থিত বিভিন্ন কার্যালয়/স্থাপনা/প্রকল্প হতে আবেদনপত্র পৌঁছাতে কয়েকদিন সময়ের প্রয়োজন হতে পারে বিধায় নির্ধারিত সময়ের পূর্বে আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগ/প্রকল্প/কার্যালয় প্রধানের মাধ্যমে দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, আবেদনের সাথে কোন প্রকার অগ্রায়নপত্রের প্রয়োজন হবে না; ফরমের নির্ধারিত স্থানে শুধু নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে। আবেদন ফরমসমূহ কোম্পানির ওয়েবসাইটেও পাওয়া যাবে। ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোডপূর্বক পূরণ করে জমা দেওয়া যাবে।

অসম্পূর্ণ, ভুল/মিথ্যা তথ্যযুক্ত ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। পরবর্তীতে মিথ্যা তথ্য প্রদানের বিষয়টির সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ঋণ মঞ্জুরী বাতিলপূর্বক সমুদয় অর্থ বেতন হতে কর্তন করা হবে।

(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণঃ

- ১।.....বাপেক্স, (এমসিআর ফরম-১ সংযুক্তি)।
- ২। নোটিশ বোর্ড/উপমহাব্যবস্থাপক (আইসিটি) (বিজ্ঞপ্তি ও ফরমটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি।



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এণ্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

সংস্থাপন উপবিভাগ, প্রশাসন বিভাগ

বাপেক্স ভবন, ৪, কাগরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

২০২৫-২০২৬ অর্থ বছরে মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ/অগ্রিমের আবেদনপত্র

(প্রতিটি কলাম অবশ্যই পূরণ করতে হবে)

১।	আবেদনকারীর নাম	:
২।	পদবী	: ৩। পরিচিতি নম্বর:.....
৪।	পিতার নাম	:
৫।	মাতার নাম	:
৬।	স্বামী/স্ত্রীর নাম	:
৭।	(ক) মোবাইল নম্বর	:
	(খ) ইমেইল নম্বর	:
৮।	স্থায়ী ঠিকানা	:
৯।	বর্তমান বাসস্থানের ঠিকানা	:
১০।	কর্মস্থল	:
১১।	চাকরিতে যোগদানের তারিখ	:
১২।	বর্তমান পদে যোগদান/পদোন্নতির তারিখ	:
১৩।	জন্ম তারিখ	:
১৪।	বেতন স্কেল	:
১৫।	বর্তমান মূলবেতন	:

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, এই আবেদনপত্রে আমি যে সমস্ত তথ্য সরবরাহ/দাখিল করেছি তা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন কিছু গোপন করিনি।

আমি আরো ঘোষণা করছি যে, অগ্রিমের অংক ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে মোটর সাইকেল ক্রয়ের জন্য ব্যয় করবো এবং যদি এই চুক্তি ভঙ্গ হয় তাহলে ঋণ/অগ্রিম বাবদ গৃহীত টাকা কর্তৃপক্ষকে ফেরৎ দিব।

আবেদনকারীর স্বাক্ষর :.....
নাম :.....
তারিখ :.....

নিয়ন্ত্রণকারীর কর্মকর্তার স্বাক্ষর ও সিল

বিশেষ দ্রষ্টব্য: (ক) অসম্পূর্ণ অথবা ভুল/মিথ্যা তথ্যসম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। (খ) আবেদনপত্রে উল্লিখিত খাত কোন অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়।